

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ অধিশাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.০০.০০০০.২০৩.২৫.০১৪.১৮.৯৬

তারিখ: ৩০ বৈশাখ ১৪২৫
১৩ মে ২০১৮


বিষয়ঃ Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে কর্মকর্তা মনোনয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচ আগামী ০২/০৭/২০১৮ তারিখে শুরু হতে যাচ্ছে। প্রশিক্ষণ কোর্সটি অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের অধীন Skills for Employment Investment Program (SEIP) প্রকল্পের আওতায় চালু করা হয়েছে।

০২। প্রশিক্ষণের মেয়াদ ১০ সপ্তাহ। প্রথম ৬ সপ্তাহ শুধু জননীতির বিভিন্ন বিষয় সম্পর্কে ধারণা দেওয়া হবে। পরবর্তী ৩ সপ্তাহ সংশ্লিষ্ট দপ্তর/বিভাগে সংযুক্ত করা হবে এবং এ সময় প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি Policy বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করবেন। কোর্স সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩০-৩৫ জন হবে। এর মধ্যে ২৫ জন সরকারি কর্মকর্তা (কমপক্ষে ৮ জন নারী কর্মকর্তাসহ) এবং বাকী ১০ জন বেসরকারি কর্মকর্তা হবেন। এ জন্য ৪০ জন কর্মকর্তার একটি প্যানেল প্রস্তুত করা হবে। বেসরকারি প্রশিক্ষণার্থীদের উন্মুক্ত বিজ্ঞাপনের মাধ্যমে নির্বাচন করা হবে।
(খ)	মনোনীত সরকারি কর্মকর্তাগণ ১০ সপ্তাহ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন।
(গ)	প্রশিক্ষণটি সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিন যাতায়াত ভাতা হিসেবে ৫০০/- টাকা করে প্রদান করা হবে এবং দুপুরে খাবার দেওয়া হবে।
(ঘ)	ব্যাচ প্রতি শীর্ষস্থান অধিকারী ৫ জন কর্মকর্তাকে এক সপ্তাহের জন্য বিদেশে কোন স্বনামধন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানে নীতিবিষয়ক প্রশিক্ষণের জন্য মনোনীত করা হবে।
(ঙ)	প্রতিবছর প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সর্বোত্তম প্রতিবেদন সমূহের সমন্বয়ে একটি জার্নাল প্রকাশ করা হবে।
(চ)	সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমপর্যায়ের কর্মকর্তাগণ আবেদন করতে পাবেন যাদের বয়স অনূর্ধ্ব ৫২ বছর।

০২। উপযুক্ত প্রার্থীগণকে আগামী ১৪/০৬/২০১৮ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (দু: আ: অতিরিক্ত সচিব, সিপিটি, কক্ষ-১০১, ভবন-৩, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বরাবর নির্ধারিত ছক মোতাবেক আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ আনোয়ারুল ইসলাম সরকার)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭১১৩

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পরিচালক

বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্ন্যান্স এ্যান্ড ম্যানেজমেন্ট (বিআইজিএম)

ই-৩৩, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

আবেদনের ছক

বরাবর

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সিপিটি)

মাধ্যমঃ যথাযথ কর্তৃপক্ষ

বিষয়ঃ "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ৩য় ব্যাচে মনোনয়ন প্রদানের জন্য আবেদন।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত "Policy Analysis" শীর্ষক প্রশিক্ষণকোর্সের ৩য় ব্যাচে অংশগ্রহণ করতে ইচ্ছুক। এ জন্য আমার প্রয়োজনীয় তথ্যাবলি সদয় অবগতির জন্য পেশ করলাম:

০১।	নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	:	
০২।	জন্ম তারিখ	:	
০৩।	বয়স (৩০ জুন ২০১৮ তারিখে)	:	
০৪।	চাকরিতে যোগদানের তারিখ	:	
০৫।	ক্যাডারের নাম ও ব্যাচ	:	
০৬।	চাকরি স্থায়ীকরণের তারিখ	:	
০৭।	শিক্ষাগত যোগ্যতার বিবরণ	:	
০৮।	মোবাইল নম্বর	:	
০৯।	ইমেইল নম্বর	:	

এমতাবস্থায়, আমাকে উল্লিখিত কোর্সে মনোনয়ন প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

আপনার অনুগত,

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর